বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর

ফলিত গবেষণা বিভাগ

বীজ উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচি, বোরো ২০২২-২৩

Seed Production and Dissemination Program (SPDP) under GOB

প্রোগ্রাম লিডার ঃ ড. মো: হুমায়ুন কবীর, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান, ফলিত গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর।

প্রিন্সিপাল ইনভেস্টিগেটর ঃ জনাব মো: রোমেল বিশ্বাস, বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর

কো-ইনভেস্টিগেটরস:

১. ড. মো: রফিকুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর
২. ড. মো: হুমায়ুন কবীর, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর
৩. ড. শামছুন্নাহার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর
৪. ড. আফরোজ জাহান,উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর
৫. জনাব মোঃ নিয়াজ মোরশেদ, বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর
৬. জনাব খন্দকার খালিদ আহমেদ, বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর

কো-অপারেটরস ঃ

ব্রি আঞ্চলিক কার্যালয়: বরিশাল, ভাঙ্গা, কুমিল্লা, হবিগঞ্জ, কুষ্টিয়া, রাজশাহী, রংপুর, সাতক্ষীরা, গোপালগঞ্জ, সিরাজগঞ্জ ও সোনাগাজী।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর :

১. উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা
২. উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট উপজেলা।

কর্মসূচির উদ্দেশ্য ঃ

১. মাঠ পর্যায়ে ব্রি উদ্ভাবিত আধুনিক ধানের জাতগুলোর আবাদ ও উৎপাদন বৃদ্ধি করা
২. উন্নত মানের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিনিময়ের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা
৩. এলাকায় বীজ বিতরনের মাধ্যমে কৃষকদের পছন্দনীয় জাতগুলো সম্প্রসারণ করা
৪. আবাদকৃত ব্রি ধান সম্পর্কে কৃষকের মতামত গ্রহণ এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গশ্বহণ

উপকরন এবং কার্যাদি ঃ

সারণী ১। নির্বাচিত ধানের জাতসমূহের প্রয়োজনীয় তথ্য

ক্রম	জাত	ফলন (টন/হে)	জীবন কাল (দিন)	গাছের উচ্চতা (সেমি)	বীজ বপন	চারার বয়স (দিন)	রোপণ দূরত্ব (সে.মি.)	ফসল কর্তন	অ্যামাইলোজ (%)	উল্লেখযোগ্য বৈশিষ্ট্য
১	ব্রি ধান৬৭	৬.০	১৪৫	১০০	১৫-৩০ নভেম্বর (১-১৬ অগ্রহায়ণ)	৩৫-৪০	২০ x১৫	৮-২৪ এপ্রিল (২৫ চৈত্র-৭ বৈশাখ)	২৪.৬	চাল মাঝারি চিকন, সম্পূর্ণ জীবনকালে ৮ ডিএস/মি. মাত্রার লবণাক্ততা সহনশীল; উপকুলীয় লবণাক্ত অঞ্চলের জাত হলেও অনুকুল পরিবেশেও ভাল ফলন দেয়।
২	ব্রি ধান৭৪	৭.১	১৪৭	৯৫	১৫-৩০ নভেম্বর (১-১৬ অগ্রহায়ণ)	৩৫-৪০	২০ x১৫	৮-২৪ এপ্রিল (২৫ চৈত্র-৭ বৈশাখ)	২৪.২	মাঝারি মোটা, জিংক সমৃদ্ধ জাত (২৪.২ মিলিগ্রাম/কেজি) মধ্যম মাত্রার ব্লাস্ট

										প্রতিরোধী
৩	ব্রি ধান৮১	৬.৫	১৪৩	১০০	১৫-৩০ নভেম্বর (১-১৬ অগ্রহায়ণ)	৩৫-৪০	২০ x২০	৮-১৮ এপ্রিল (২৫ চৈত্র-৫ বৈশাখ)	২৬.৫	চাল লম্বা ও চিকন, জিরা জাতের মতো এবং উচ্চমাত্রার প্রোটিন সমৃদ্ধ (১০.৩%)।
৪	ব্রি ধান৮৪	৬.০	১৪১	৯৬	১৫-৩০ নভেম্বর (১-১৬ অগ্রহায়ণ)	৩৫-৪০	২০ x২০	৪-১৯ এপ্রিল (২১ চৈত্র-৬ বৈশাখ)	২৫.৯	চাল প্রায় ব্রি ধান২৮ এর মতো, উচ্চ মাত্রার জিংক সমৃদ্ধ (২৭.৬ মি.গ্রা./কেজি), আয়রন ১০.১ মি.গ্রা./কেজি, প্রোটিনসমৃদ্ধ (৯.৭%)
৫	ব্রি ধান৮৮	৭.০	১৪২	৯৬	১৫-৩০ নভেম্বর (১-১৬ অগ্রহায়ণ)	৩০-৪০	২০ x২০	৭-২১ এপ্রিল (২৪ চৈত্র-৯ বৈশাখ)	২৬.৩	চাল মাঝারী চিকন ও ভাত ঝরঝরে, প্রোটিন সমৃদ্ধ (৯.৮%)
৬	ব্রি ধান৮৯	৮.০	১৫৬	১০৬	১-১৫ নভেম্বর (১৭ কার্তিক-১ অগ্রহায়ণ)	৪০-৪৫	২৫ x১৫	১৮ এপ্রিল-৩০ মে (৫-২০ বৈশাখ)	২৮.৫	চাল মাঝারি মোটা, রান্নার পর ভাত ১.৪ গুণ লম্বা হয়। পাতা হালকা সবুজ, চওড়া এবং ধান পাকার সময়ে সবুজ থাকে।
৭	ব্রি ধান৯২	৮.৪	১৬০	১০৭	১-১৫ নভেম্বর (১৭ কার্তিক-১অগ্রহায়ণ)	৪০-৪৫	২৫ x১৫	২৫এপ্রিল-১৪ মে (১২-৩১ বৈশাখ)	২৬.০	চাল লম্বা ও চিকন, ধান পাকার সময়ে পাতা ও কান্ড সবুজ থাকে
৮	ব্রি ধান৯৬	৭.৬	১৪০-১৪৫	৮৭	১-১৫ নভেম্বর-৭ (১৭ কার্তিক-১অগ্রহায়ণ)	৩৫-৪০	২৫ x১৫	৭-২০এপ্রিল (২৩ চৈত্র -৭ বৈশাখ)	২৮.০	ধান মাঝারি খাটো, রান্নার পর ভাত ১.৬ গুণ লম্বা হয়। ধান গাছ খাটো ও কান্ড শক্ত।
৯	ব্রি ধান৯৯	৫.৪	১৪৮-১৫৭	৯৪	১৫নভেম্বর-১৫ ডিসেম্বর (১-৩০অগ্রহায়ণ)	৩৫-৪৮	২০ x২০	১৪-২৮ এপ্রিল (১-১৫ বৈশাখ)	-	লবনাক্ততা সহনশীল।চাল লম্বা চিকন ও সাদা রংয়ের, ভাতঝরঝরে।কান্ড শক্ত তাই হেলে পড়ে না।শীষ থেকে ধান ঝরে পড়ে না।
১০	ব্রি ধান১০০	৭.৭	১৪৮	১০১	১-১৫ নভেম্বর-৭ (১৭ কার্তিক-১অগ্রহায়ণ)	৩৫-৪০	২০ x২০	১৩-২৮ এপ্রিল (৩০ চৈত্র-১৫ বৈশাখ)	২৫.৭	চাল মাঝারি চিকন, ধানের দানা ব্রি ধান৪৯ এর মতো। উচ্চ মাত্রার জিংক সমৃদ্ধ (২৫.৭ মি.গ্রা./কেজি)।

কৃষক নির্বাচন ঃ যিনি প্রকৃত কৃষক, আধুনিক ধান চাষে উৎসাহী, পরিশ্রমী এবং প্রধান ফসল হিসেবে ধান চাষ করেন সে ধরনের কৃষক নির্বাচন করতে হবে ।

জমি নির্বাচন ঃ বোরো ধান চাষ উপযোগী প্রতিনিধিত্বমূলক এলাকা, চলাচলের সু-ব্যবস্থা সম্পন্ন এবং সহজে দৃষ্টি গোচর হয় এমন স্থানে অন্তত: মধ্যম মানের উর্বর জমি নির্বাচন করতে হবে। প্রতিটি উপজেলায় প্রতিটি ব্লকে ১টি জাতের জন্য ১(এক) বিঘা জমি নির্বাচন করতে হবে।

চাষাবাদ পদ্ধতি ঃ

বীজ জাগ দেয়া ও অংকুরোদ্গম ঃ বীজ বপনের মাত্রা ৮০-১০০ গ্রাম/বর্গমিটার। বীজ ভালভাবে রোদে শুকিয়ে এবং ঠান্ডা করে কাপড় বা চটের ব্যাগে ভরে ঢিলা করে বেঁধে পরিষ্কার পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে রাখতে হবে।এরপর পানি ঝরানোর জন্য বীজের পোটলা পানি থেকে তুলে ইট বা কাঠের উপর ঘন্টাখানেক রেখে দিতে হবে। এবার বাঁশের টুকরি বা ড্রামে অথবা পাকা মেঝেতে ২/৩ পরত শুকনো খড়

ভালভাবে বিছিয়ে তার উপর বীজের পোটলা রেখে আবারও ২/৩ পরত শুকনো খড় দিয়ে ভালভাবে চেপে তার উপর ইট বা কাঠ অথবা কোনো ভারী জিনিস দিয়ে চাপা দিন। এভাবে জাগ দিলে বোরো মৌসুমে ৭২ ঘন্টা বা ৩ দিনে ভাল বীজের অঙ্কুর বের হবে। অঙ্কুর ধানের সমান লম্বা হলে বীজতলায় বপনের উপযুক্ত হবে।

বীজতলা তৈরি ও বীজ বপন ঃ বীজতলার জন্য মধ্যম উর্বর দোআঁশ ও এটেল মাটি এবং যথেষ্ঠ আলো বাতাসের ব্যবস্থা আছে এমন স্থান নিবার্চন করতে হবে। উর্বর ও মাঝারি উর্বর জমিতে বীজতলা তৈরি করতে কোন সার প্রয়োগের প্রয়োজন হবে না। জমি অনুর্বর ও স্বল্প উর্বর হলে চাষের প্রাথমিক পর্যায়ে প্রতি বর্গমিটার জমিতে ২ কেজি হারে জৈব সার সুষমভাবে ছড়িয়ে দিতে হবে। এরপর জমিতে ৫-৬ সেমি পানি দিয়ে ২-৩ টি চাষ ও মই দিয়ে ৭-১০ দিন রেখে দিতে হবে এবং পানি ভালভাবে আটকিয়ে রাখতে হবে। আগাছা, খড় ইত্যাদি পচে গেলে পুনরায় চাষ ও মই দিয়ে জমি থকথকে কাদাময় করতে হবে। এবার জমির দৈর্ঘ্য বরাবর এক মিটার চওড়া বেড তৈরি করতে হবে। দুই বেডের মাঝে **১২** ইঞ্চি ফাঁকা জায়গা রাখতে হবে। উক্ত ফাঁকা জায়গার মাটি দু'পাশের বেডে দিলে নালা তৈরী হবে। এ নালা পানি সেচ ও চলাচলের কাজে ব্যবহৃত হবে। এরপর বেডের উপরের মাটি বাঁশ বা কাঠের চ্যাপ্টা লাঠি দিয়ে সমান করতে হবে। প্রতি শতাংশ বীজতলায় ৩.৫ কেজি (কাঠায় ৫ কেজি) হারে বীজ বপন করতে হবে। চারার বৃদ্ধি পর্যায়ে প্রয়োজনে প্রতি বর্গমিটারে ৭ গ্রাম (প্রতি শতাংশে ৩০০ গ্রাম) হারে ইউরিয়া, পটাশ ও জিপসাম সার উপরি প্রয়োগ করতে হবে।

চারা রোপণ ঃ বোরো মৌসুমে জাতভেদে ৩০-৪৫ দিন বয়সের চারা রোপণ করা উত্তম (সারণী-১)। রোপণের সময়ে জমিতে ছিপছিপে (১-২ ইঞ্চি) পানি থাকলেই ভাল। মাটির ২-৩ সেন্টিমিটার (১-১.৫ ইঞ্চি) গভীরতায় চারা রোপণ করা উত্তম। প্রতি গোছায় ২-৩ টি চারা দিয়ে সারিবদ্ধভাবে রোপণ করতে হবে। বোরো মৌসুমে সারি থেকে সারি দূরত্ব ২৫ সেন্টিমিটার (১০ ইঞ্চি) এবং গোছা থেকে গোছার দূরত্ব ১৫ সেমি (৬ ইঞ্চি) হওয়া বাঞ্ছনীয়।

সারের মাত্রা ও ব্যবস্থাপনা ঃ এলাকা ও জমির উর্বরতার উপর ভিত্তি করে সারের মাত্রা কম-বেশী হতে পারে। তবে সারের পরিমান হ্রাস বৃদ্ধি করা হলেও, ব্রি গাজীপুর থেকে কেবল মাত্র নিম্নে বর্ণিত মাত্রা অনুযায়ী সারের খরচ সরবরাহ করা হবে। ক্ষেত্র বিশেষে প্রয়োজনীয় অতিরিক্ত সারের খরচ সংশ্লিষ্ট কৃষককেই বহন করতে হবে ।

সারণী ২. নিম্ন মধ্যম মাত্রার উর্বর, ১বিঘা বা ৩৩ শতাংশ জমির জন্য সারের মাত্রা নিম্নরূপঃ

ইউরিয়া (কেজি)	ডিএপি (কেজি)	এমওপি (কেজি)	জিপসাম (কেজি)	জিঙ্ক সালফেট (কেজি)
৪০	১৩	২২	১৫	১.৫

সার ব্যবস্থাপনা ঃ

টিএসপি, জিপসাম ও জিংক সালফেট সারের সম্পূর্ণ পরিমাণ এবং দুই-তৃতীয়াংশ পটাশ সার জমিতে শেষ চাষের পূর্বে প্রয়োগ করে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। বাকী এক তৃতীয়াংশ পটাশ সার ৩য় কিস্তি ইউরিয়ার সাথে মিশিয়ে উপরিপ্রয়োগ করতে হবে।

ইউরিয়া উপরিপ্রয়োগের সময় লক্ষণীয় বিষয়সমূহ

- সাধারণত: ধানের চারা রোপণের ১৫, ৩০ ও ৪৫ দিন পর সমান তিন কিস্তিতে ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে
- ধানক্ষেতে ছিপছিপে (১-২ ইঞ্চি) পানি অথবা পর্যাপ্ত রস থাকা অবস্থায় ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে।
- শুকনা মাটিতে কিংবা জমিতে খুব বেশী পানি জমে থাকলে অথবা ধান গাছের পাতায় পানি জমে থাকলে সার প্রয়োগ করা ঠিক নয়।
- ইউরিয়া সার সমভাবে ছিটাতে হবে যেন ধান ক্ষেতের সব জায়গায় সমানভাবে পড়ে।
- ইউরিয়াসার মাটিতে ক্ষণস্থায়ী এবং অপচয় হওয়ার সম্ভবনা খুব বেশী। এজন্য ১ম ও ২য় কিস্তি সার প্রয়োগের পর মালচিং (হাত বা নিড়ানি দিয়ে) করে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিলে ভাল ফলন পাওয়া যায়।

পানি ব্যবস্থাপনা ঃরোপণের সময়ে জমিতে ছিপছিপে (১-২ ইঞ্চি) পানি থাকতে হবে। এরপর কুশি গজানো থেকে কাইচথোড় আসা পর্যন্ত পর্যায়ক্রমে ভিজানো ও শুকানো পদ্ধতি অনুসরন করা যেতে পারে। তবে ইউরিয়া সার উপরিপ্রয়োগের পর ৫-৭ দিন পর্যন্ত জমিতে ছিপছিপে (১-২ ইঞ্চি) পানি থাকা দরকার এবং কাইচ থোড় আসার পর থেকে দানা গঠন পর্যন্ত জমিতে অবশ্যই **১-২** ইঞ্চি পানি রাখা প্রয়োজন।

আগাছা দমন ঃ বোরো মৌসুমে ধানের চারা রোপণের পর হতে ৫০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।ইউরিয়া সার উপরি প্রয়োগের পর হাত বা নিড়ানী যন্ত্র/উইডার দিয়ে আগাছা পরিস্কার করলে আগাছা দমনের সাথে সাথে ইউরিয়া সারও মাটির সাথে ভালভাবে মিশে যায়। ফলে সারের কার্যকারিতা বৃদ্ধি পায় এবং ফলন বৃদ্ধি পায়। এছাড়া, আগাছানাশক প্রয়োগ করেও আগাছা দমন করা যায়। সেক্ষেত্রে সঠিক আগাছানাশক সঠিক মাত্রায় সঠিক সময়ে প্রয়োগ করতে হবে।

পোকা ও রোগ ব্যবস্থাপনা ঃ ধানক্ষেতে রোগ ও পোকার আক্রমণ দেখা গেলে সাথে সাথে তা দমনের ব্যবস্থা করতে হবে। আইপিএম পদ্ধতিতে পোকা দমন সবচেয়ে উত্তম। প্রয়োজনে কীটনাশক প্রয়োগ করা যেতে পারে। কীটনাশক সর্বদা অনুমোদিত মাত্রায় প্রয়োগ করতে হবে।

উৎপাদনের বিভিন্ন ধাপে পোকা ও রোগের আক্রমন দেখা দিলে তা সনাক্ত করে প্রয়োজনীয় কীটনাশক বা ছত্রাকনাশক সঠিক মাত্রায় সঠিক সময়ে সঠিকভাবে প্রয়োগ করতে হবে।

বিজাত বাছাই ঃ বীজ হিসাবে সংরক্ষনের জন্য ধান গাছের বিভিন্ন বৃদ্ধি পর্যায়ে (কাইচ থোড় অবস্থায়, ফুল বের হওয়া এবং ধান পাকার সময়) ভিন্ন জাতের ধান গাছ, আগাছা, রোগ ও পোকায় আক্রান্ত গাছ অবশ্যই উঠিয়ে বা কেটে ফেলতে হবে।

ফসল কর্তন, বীজ সংরক্ষণ ও বীজ বিতরন ঃ শীষের শতকরা ৮০ ভাগ ধানের চাল শক্ত হলে ধান ঠিকমতো পেকেছে বলে বিবেচিত হবে। পরিপক্ক ধান কাটতে দেরি করা মোটেই উচিত নয়। ধান কাটার পরপরই মাড়াইয়ের জন্য পরিষ্কার পরিচ্ছন্ন জায়গা নির্বাচন করতে হবে। বীজ ধান মাড়াই করার পর অন্তত: ৪-৫ দিন ভালভাবে রোদে শুকিয়ে নিতে হবে যেন বীজের আর্দ্রতার শতকরা ১২ ভাগের নীচে থাকে। দাঁত দিয়ে বীজ কাটলে কটকট শব্দ হলে বুঝতে হবে বীজ ধান ঠিকমতো শুকিয়েছে। ধান শুকানোর পর বীজ ঠান্ডা করে পরিস্কার-পরিছন্ন ও শুকনো বায়ুরোধী পাত্রে বীজ সংরক্ষণ করতে হবে। বীজ রাখার জন্য প্লাস্টিক ড্রাম উত্তম তবে বায়ুরোধী রঙ করা মাটি বা টিনের পাত্রেও রাখা যায়। পাত্র পূর্ণ করে বীজ রাখতে হবে। প্রতি মন বীজ ধানে ১৬০ গ্রাম (৪ কেজি/ টন) শুকনো নিম, নিশিন্দা বা বিষকাটালি পাতার গুঁড়া মিশিয়ে গোলাজাত করলে পোকার আক্রমণ হয় না। এছাড়া ন্যাপথালিন বল ব্যবহার করা যেতে পারে। পাত্রের মুখ ভালভাবে বন্ধ করতে হবে যেন বাতাস ঢুকতে না পারে। বীজ পূর্ণ পাত্রটি এমন জায়গায় রাখতে হবে যেন পাত্রের তলা মাটির সংস্পর্শে না আসে। মাঝে মাঝে পাত্র খুলে বীজ ভাল আছে কিনা তা পরীক্ষা করে দেখতে হবে এবং প্রয়োজনে রোদে দেয়া যেতে পারে।

উৎপাদিত বীজ সর্বোচ্চ সংখ্যক কৃষকের মধ্যে বীজ বিনিময় অথবা বিক্রির মাধ্যমে সম্প্রসারণ করতে হবে

প্রাথমিক তথ্য প্রেরণ

কৃষক ও জমি নির্বাচন হয়ে যাওয়ার পর প্রাথমিক তথ্য ফরম অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি "মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং বিভাগীয় প্রধান, ফলিত গবেষণা বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১" এ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এতে করে পরবর্তীতে প্রয়োজনীয় সার ও সাইন বোর্ডের খরচ প্রেরণ সহজ হবে।

প্রদর্শনী প্লটের সাইনবোর্ডের নমুনা

বড় সাইনবোর্ড ঃ ১ (এক) টি, সাইনবোর্ডের সাইজ ঃ ৩.৫ ফুট x ২.৫ ফুট

৩.৫´

২.৫´

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর
ফলিত গবেষণা বিভাগ, ওয়েবসাইটঃ www.brri.gov.bd

বীজ উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচি (SPDP)

মৌসুম	ঃ	বোরো ২০২২-২৩	জাত	ঃ	
বপন	ঃ		রোপণ	ঃ	
জমির পরিমাণ	ঃ	১ (এক) বিঘা			
সহযোগী কৃষক	ঃ				
গ্রাম	ঃ		উপজেলা	ঃ	

সহযোগিতায় ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলার নাম

বিশেষ দ্রষ্টব্য ঃ

১. সাইনবোর্ডের ব্যাকগ্রাউন্ড গাঢ় নীল রঙ এবং লেখা সাদা রঙের হবে
২. লেখার সেডেট অংশ হলুদ রঙ হবে
৩. চার দিকে হলুদ বর্ডার থাকবে

ছোট সাইনবোর্ডে জাতের নামের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার জন্য নির্ধারিত জাতের নাম লিখতে হবে।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর
ফলিত গবেষণা বিভাগ

বীজ উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচি, বোরো ২০২২-২৩

Seed Production and Dissemination Program (SPDP) under GOB
Locations and Varieties: 1 bigha/block

SN	District	Upazila	No. of Block	Variety & Block no.	SPDP (no.)	Area/ (Bigha)	Responsible Scientist
1.	Tangail	Modhupur	34	BRRI dhan89-10	34	34	Dr. Md Humayun Kabir, Senior Scientific Officer, ARD, BRRI, Gazipur 01924458605 mhkabir_r@yahoo.com
				BRRI dhan92-15			
				BRRI dhan96-5			
				BRRI dhan100-4			
		Shakhipur	25	BRRI dhan89-10	25	25	
				BRRI dhan92-10			
				BRRI dhan96-5			
2.	Gazipur	Kaliganj	22	BRRI dhan89-10	22	22	Dr. Md Rafiqul Islam, Principal Scientific Officer, ARD, BRRI, Gazipur 01720246176 raiqulbrri@yahoo.com
				BRRI dhan92-12			
		Shreepur	25	BRRI dhan89-10	25	25	
				BRRI dhan92-15			
3.	Narshingdhi	Sadar	34	BRRI dhan88-5	34	34	Md. Romel Biswash, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01719253888 romel.brri@gmail.com
				BRRI dhan89-10			
				BRRI dhan92-10			
				BRRI dhan96-5			
				BRRI dhan100-4			
		Raipura	55	BRRI dhan67-5	55	55	
				BRRI dhan88-5			
				BRRI dhan89-12			
				BRRI dhan92-17			
				BRRI dhan96-5			
				BRRI dhan100-11			
4.	Manikganj	Saturia	27	BRRI dhan89-15	27	27	Dr. Shamsunnaher, Senior Scientific Officer, ARD, BRRI, Gazipur 01712235563 snaher1981@gmail.com
				BRRI dhan92-12			
		Ghior	21	BRRI dhan89-10	21	21	
				BRRI dhan92-11			
5.	Kishoreganj	Sadar	34	BRRI dhan67-3	34	34	Md. Niaz Morshed, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01756294709
				BRRI dhan89-12			
				BRRI dhan92-15			

				BRRI dhan100-4			niaz.bau@gmail.com
		Katiadi	28	BRRI dhan67-3	28	28	
				BRRI dhan88-3			
				BRRI dhan89-10			
				BRRI dhan92-12			
6.	Netrokona	Purbadhala	33	BRRI dhan67-5	33	33	Dr. Afruz Zahan, Senior Scientific Officer, ARD, BRRI, Gazipur 01911842269 afruz.star@gmail.com
				BRRI dhan89-10			
				BRRI dhan92-15			
				BRRI dhan100-3			
		Barhatta	21	BRRI dhan67-3	21	21	
				BRRI dhan89-8			
				BRRI dhan92-10			
7.	Mymensingh	Tarakanda	30	BRRI dhan67-5			Dr. Afruz Zahan, Senior Scientific Officer, ARD, BRRI, Gazipur 01911842269 afruz.star@gmail.com
				BRRI dhan84-5			
				BRRI dhan88-5			
				BRRI dhan89-5			
				BRRI dhan92-10			
		Nandail	37	BRRI dhan67-5	37	37	
				BRRI dhan81-5			
				BRRI dhan88-5			
				BRRI dhan89-10			
				BRRI dhan92-10			
				BRRI dhan100-2			
8.	Sherpur	Sadar	43	BRRI dhan67-3	43	43	Md. Niaz Morshed, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01756294709 niaz.bau@gmail.com
				BRRI dhan89-20			
				BRRI dhan92-20			
		Nokla	28	BRRI dhan67-5	28	28	
				BRRI dhan89-10			
				BRRI dhan92-13			
9.	Gaibandha	Palashbari	27+5 =32	BRRI dhan84-5	32	32	Mr. Khandoker Khalid Ahmed, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01717448894 saju.bsmrau@gmail.com
				BRRI dhan88-5			
				BRRI dhan89-7			
				BRRI dhan92-10			
				BRRI dhan100-5			
		Gobindaganj	52+5 = 57	BRRI dhan81-5	57	57	
				BRRI dhan84-5			

				BRRI dhan88-5			
				BRRI dhan89-17			
				BRRI dhan92-15			
				BRRI dhan100-10			
10.	Bagerhat	Sadar	31	BRRI dhan84-5	31	31	Mr. Khandoker Khalid Ahmed, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01717448894 saju.bsmrau@gmail.com
				BRRI dhan88-5			
				BRRI dhan89-10			
				BRRI dhan92-6			
				BRRI dhan96-5			
		Kochua	21	BRRI dhan88-3	21	21	
				BRRI dhan89-8			
				BRRI dhan92-8			
				BRRI dhan96-2			
11.	Khagrachari	Sadar	16	BRRI dhan74-2	16	16	Md. Romel Biswash, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01719253888 romel.brri@gmail.com
				BRRI dhan88-2			
				BRRI dhan89-4			
				BRRI dhan92-4			
				BRRI dhan100-4			
		Diginala	5	BRRI dhan88-3	5	5	
				BRRI dhan89-2			
12.	Rangamati	Kaptai	10	BRRI dhan88-5	10	10	Mr. Khandoker Khalid Ahmed, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01717448894 saju.bsmrau@gmail.com
				BRRI dhan92-5			
		Rajasthali	6	BRRI dhan74-3	6	6	
				BRRI dhan92-3			
13.	Bandarban	Lama	10	BRRI dhan74-3	10	10	Md. Niaz Morshed, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01756294709 niaz.bau@gmail.com
				BRRI dhan89-5			
				BRRI dhan96-2			
		Alikadam	9	BRRI dhan88-4	9	9	
				BRRI dhan96-5			
14	Cox’s Bazar	Sadar	31	BRRI dhan88-5	31	31	Md. Romel Biswash, Scientific Officer, ARD, BRRI, Gazipur 01719253888 romel.brri@gmail.com
				BRRI dhan89-5			
				BRRI dhan96-6			
				BRRI dhan99-10			
				BRRI dhan100-5			
		Teknaf	11	BRRI dhan74-3	11	11	

				BRRI dhan99-5			
				BRRI dhan100-3			
Total	**14**	**28**	**736**		**736**	**736**	

Program Leader: Dr. Md Humayun Kabir, CSO& Head, ARD, BRRI, Gazipur

Principal Investigator: Md. Romel Biswash, Scientific Officer, ARD, BRRI, Gazipur

Co-investigators:

1. Dr. Md Rafiqul Islam, Principal Scientific Officer, ARD, BRRI, Gazipur
2. Dr. Md Humayun Kabir, Senior Scientific Officer, ARD, BRRI, Gazipur
3. Dr. Shamsunnaher, Senior Scientific Officer, ARD, BRRI, Gazipur
4. Dr. Afruz Zahan, Senior Scientific Officer, ARD, BRRI, Gazipur
5. Mr. Md. Niaz Morshed, Senior Scientific Officer, ARD, BRRI, Gazipur
6. Mr. Khandoker Khalid Ahmed Ahmed, Scientific Officer, ARD, BRRI, Gazipur

Co-operators:

1. Deputy Director, Department of Agricultural Extension (DAE), Concerned District
2. Upazila Agriculture Officer, DAE, Concerned Upazila

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর
ফলিত গবেষণা বিভাগ

বীজ উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচি (SPDP under GOB), বোরো ২০২২-২৩

প্রাথমিক তথ্য ফরম

১. কৃষকের নাম ও ঠিকানা ঃ

ক্রম	কৃষকের নাম ও পিতার নাম	ঠিকানা	জাতীয় পরিচিতি নং (National ID)	মোবাইল নাম্বার (যদি থাকে)
১		গ্রাম : ব্লক : ইউনিয়ন : উপজেলা : জেলা :		

২. বীজ বপন ও রোপণের তারিখ

ক্রম	জাত	বপন তারিখ	সম্ভাব্য রোপণ তারিখ
১	ব্রি ধান		

৩. উপজেলা কৃষি অফিসের কর্মকর্তাগণের তথ্য

তথ্য		দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তা (SAAO)	উপজেলা কৃষি কর্মকর্তা (UAO)
নাম	:		
মোবাইল নং	:		
টেলিফোন নং	:		
ই-মেইল	:		

ডাটা সংগ্রহকারীর স্বাক্ষর ঃ
তারিখ ঃ
নাম ঃ
পদবী ঃ
উপজেলা ঃ
জেলা ঃ

উপজেলা কৃষি কর্মকর্তার স্বাক্ষর ঃ
তারিখ ঃ
সীল ঃ

বীজ উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচি (SPDP under GOB), বোরো ২০২২-২৩

কৃষকের প্রাথমিক তথ্যের তালিকা

SL	Farmers name	Father/ Mother name	Village	Block	Upazila	District	NID	Mobile No	Program	Variety	DS	DT	Responsble SAAO	Mobile No

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর

ফলিত গবেষণা বিভাগ

বীজ উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচি (SPDP under GOB), বোরো ২০২২-২৩

চূড়ান্ত তথ্য ফরম

১. কৃষকের নাম ও ঠিকানা ঃ

কৃষকের নাম ও পিতার নাম	ঠিকানা			জাতীয় পরিচিতি নং (NID)	মোবাইল নং
	গ্রাম	:			
	ব্লক	:			
	ইউনিয়ন	:			
	উপজেলা	:			
	জেলা	:			

২. বীজ বপন তারিখ ঃ | চারা রোপণ তারিখ ঃ

৩. প্রদর্শনীর ফলাফল ঃ

জাত	পরিপক্কতার (৮০%) তারিখ	জীবন কাল (দিন)	কর্তনকৃত নমুনা ধানের ওজন (কেজি/১০ ব.মি.)	নমুনা ধানের আর্দ্রতা (%)	ধানের ফলন (টন/হে.)	হেলে পড়ার তথ্য (%)	সংরক্ষিত বীজের পরিমাণ (কেজি)	ধারনা পাওয়া কৃষকের সংখ্যা	চাষে আগ্রহী কৃষকের সংখ্যা
ব্রি ধান			১.						
			২.						
			৩.						

৪. প্রদর্শনী প্লটের মাটি ও পারিপার্শ্বিক অবস্থার বিবরণঃ

মাটির ধরন (বেলে/দোঁয়াশ /এটেলো/বেলে দোঁয়াশ/এটেলো দোঁয়াশ)	মাটির উর্বরতা (উত্তম/মধ্যম/ নিম্ন)	বৃষ্টিপাতের পরিমান (মি.মি.)	লবণাক্ততা /খরা/ বন্যার বিবরন	পোকার আক্রমণ		রোগের আক্রমণ	
				পোকার নাম	আক্রান্ত ফসল (%)	রোগের নাম	আক্রান্ত ফসল (%)

৫. প্রদর্শনীর জাত সম্পর্কে কৃষকের পছন্দ ও অপছন্দের বিবরণ ঃ

জাত	পছন্দের কারণ	অপছন্দের কারন
ব্রি ধান		

৬. প্রদর্শনীর জাত সম্পর্কে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE)-এর মতামত ঃ

	উপ-সহকারী কৃষি কর্মকর্তা (SAAO)-এর মতামত	উপজেলা কৃষি কর্মকর্তা (UAO)-এর মতামত
ব্রি ধান		

স্বাক্ষর ঃ

তারিখ ঃ

পদবী ঃ উপ-সহকারী কৃষি কর্মকর্তা (SAAO) উপজেলা কৃষি কর্মকর্তা (UAO)

নাম ঃ

উপজেলা ঃ

জেলা ঃ মোবাইল

Estimation of rice yield in different seasons of Bangladesh: Crop cuts method
(বাংলাদেশের বিভিন্ন মওসুমের ধানের ফলনের অনুমানঃ শস্য কর্তনের পদ্ধতি)

- Aus
- Aman
- Boro

১.Crop cuts season? (শস্য কর্তন মওসুম)ঃ

২.Name of the farmer (কৃষকের নাম)ঃ

৩.Mobile number of the farmer(কৃষকের মোবাইল নাম্বার)ঃ

৪.Village (গ্রাম)ঃ

৫.Upazila (উপজেলা)ঃ

৬.District জেলা)ঃ

৭.Name of rice variety (ধানের জাতের নাম)ঃ

৮.Date of sowing (বপনের তারিখ)ঃ

৯.Date of transplanting (রোপনের তারিখ)ঃ

১০.Maturity date (optional)(ধান পরিপক্কতার তারিখ)ঃ

১১.Growth duration (days) (জীবনকাল)ঃ

১২.Crop cut area (square meter) (ফসল কাটার এলাকা)

Sample	Crop cut area (square meter)	Grain weight (kg)	Moisture (%)	Average paddy yield (ton/ha) at 14% moisture
1st sample				
2nd sample				
3rd sample				

১৩.Do you think the yield of the harvested rice variety of that plot is satisfactory this year?
(আপনি কি মনে করেন কর্তনকৃত/সংগৃহীত ধানের জাতটির ফসল এ বছর সন্তোষ জনক)?

- Yes(হ্যাঁ)
- No(না)

১৪.If the answer of Q13 is "Yes", then what are the reasons?(উপরের প্রশ্নের উপর হ্যাঁ হলে কারনটা উল্লেখ করুন)ঃ

১৫.If the answer of Q13 is "No", then what are the reasons?(উপরের প্রশ্নের উপর না হলে কারনটা উল্লেখ করুন)ঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর

Bangladesh Rice Research Institute, Gazipur

Telephone: PABX: 88-02-49272005-14; Fax: 88-02-49272000

E-mail: brrihq@yahoo.com, Website: www.brri.gov.bd

পত্রনং-১২.২২.০০০০.০০৪.০২.০০১.১৬/ তারিখ ঃ ২৬/১০/২০২২

উপজেলা কৃষি কর্মকর্তা

উপজেলা ঃ ---

জেলা ঃ--

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

বিষয় ঃ বোরো ২০২২-২৩ মৌসুমে বীজ উৎপাদন ও সম্প্রসারণ কর্মসূচি(SPDP under GOB) বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন বোরো ২০২২-২৩ মৌসুমে GOB এর আওতায় কৃষকের মাঠে বীজ উৎপাদন ও সম্প্রসারণ ও সম্প্রসারণ কর্মসূচিবাস্তবায়নের উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচি (প্রতিটিSPDP) বাস্তবায়নে সংশ্লিষ্ট উপজেলার প্রতিটি ব্লকে ১ (এক) বিঘার জন্য নির্ধারিত জাতসমূহের প্রতিটির জন্য ৫ (পাঁচ) কেজি বীজ ধান, কর্মসূচি নির্দেশিকা, প্রাথমিক ও চুড়ান্ত তথ্য ফরম এতদসংগে প্রেরণ করা হলো। **উক্ত প্রদর্শনীর জমি রাস্তার কাছাকাছি হওয়া বাঞ্চনীয়**। কৃষক ও জমি নির্বাচনের পর প্রাথমিক তথ্য ফরম পুরণ করে নিম্ন ঠিকানায় পাঠালে প্রয়োজনীয় সার ও সাইন বোর্ডের খরচাদি পৌছানো হবে।

কর্মসূচিটি সুষ্ঠুভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আপনাকে একান্তভাবে অনুরোধ করা হলো।

ড. মোঃ হুমায়ুন কবীর,
মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান
ফলিত গবেষণা বিভাগ
ব্রি গাজীপুর

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়ঃ বরিশাল, ভাঙ্গা, কুমিল্লা, হবিগঞ্জ, কুষ্টিয়া, রাজশাহী, রংপুর, সাতক্ষীরা , গোপালগঞ্জ, সিরাজগঞ্জ ও সোনাগাজী।
২. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -----------------------------
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সচিব ব্রি গাজীপুর
৪. পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি গাজীপুর
৫. পরিচালক (প্রশাসন ও সা. প.) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি গাজীপুর
৬. সংশ্লিষ্ট নথি।